

প্রশিক্ষণ শেষে এস্টেট অফিসারগণের করণীয়

ক্রঃ নং	কাজের বিবরণ
০১।	ইতিমধ্যে অনেক ভবনের তথ্য পুলিশ হেডকোয়ার্টার্স এস্টেট ডিপার্টমেন্ট কর্তৃক এন্ট্রি করা হয়েছে। তন্মধ্যে যে সমস্ত ভবনের তথ্য অসম্পূর্ণ রয়েছে তা এন্ট্রি করণ এবং এন্ট্রিকৃত তথ্য সমূহ (বিশেষ করে ভবনের ফাউন্ডেশন, ফ্লোর সংখ্যা, নির্মাণসন) ভেরিফাই (সত্যতা যাচাই) করণ
০২।	কোন ভবনের তথ্য এন্ট্রি না করা হয়ে থাকলে এবং নতুন ভবন নির্মিত হয়ে থাকলে তার তথ্য এন্ট্রি করণ
০৩।	আপনার জেলা/ইউনিটের বিদ্যমান ভবন সমূহের গত অর্থ বৎসরের সকল মেরামত সম্পর্কিত তথ্য চেকলিষ্ট মোতাবেক এন্ট্রি করণ
০৪।	আপনার জেলা/ইউনিটে বিদ্যমান ভূমির তথ্য এন্ট্রি করণ, পুলিশ হেডকোয়ার্টার্স এস্টেট ডিপার্টমেন্ট কর্তৃক ইতোমধ্যে এন্ট্রিকৃত তথ্য সমূহ আপনার ইউনিট কর্তৃক ভেরিফাই (সত্যতা যাচাই) করণ এবং জমি রেজিস্ট্রি দলিল, অধিগ্রহণ করা হয়ে থাকলে জেলা প্রশাসক কর্তৃক হস্তান্তরপত্র, খাস জমি হলে বন্দোবস্ত দলিল, অন্য সংস্থার জমি হলে হস্তান্তরের কাগজপত্র, নাম জারীর কপি, সিএস, এসএ, আরএস/বিএস/মহানগর খতিয়ানের কাগজপত্রের কপি, ভূমি কর/পৌর কর পরিশোধের রশিদ, জমির স্কেচ ম্যাপ স্ক্যান করে একটিমাত্র পিডিএফ ফাইলে সংশ্লিষ্ট ভূমির ফোল্ডারে সংযুক্ত করণ
০৫।	আপনার জেলা/ইউনিটে বিদ্যমান বাউন্ডারী ওয়ালের তথ্য এন্ট্রি করণ এবং এন্ট্রিকৃত তথ্য সমূহ ভেরিফাই (সত্যতা যাচাই) করণ
০৬।	আপনার জেলা/ইউনিটে বিদ্যমান প্রতিটি ভবনের অভ্যন্তরের সর্বনিম্ন ১৫ টি, বাহির অংশের সর্বনিম্ন ০৫ টি এবং কম্পাউন্ডের সর্বনিম্ন ০৫ টি ছবি এ্যাড (সংযুক্ত) করণ, (প্রতিটি ভবনের জন্য সর্বমোট অন্তত ২৫ টি ছবি)। ছবির সাইজ : সফটওয়্যারে Web Large, Size-640 X 480 Pixel (100-150 KB) সাইজের ছবি এ্যাড (সংযুক্ত) করতে হবে। ছবির ফোল্ডার : বিল্ডিং ডাটা এন্ট্রির পর বিল্ডিং এর ছবি, <b>Building Basic</b> ফোল্ডারে, ভবনের রিপেয়ার প্রস্তাব এন্ট্রির পর ভবনের এর ছবি “ <b>Building pre Repair/2013-14</b> ” ফোল্ডারে এবং মেরামতের পর ভবনের ছবি, “ <b>Building Post Repair/2013-14</b> ” ফোল্ডারে (সংযুক্ত) করতে হবে।
০৭।	প্রতি বৎসর যে সমস্ত মেরামত প্রকল্প হবে তার চেক লিষ্ট সমূহ সফটওয়্যারে এন্ট্রি করে প্রিন্ট আউট কপি (TEC) টিইসি’র সাথে আবশ্যিক ভাবে পাঠাতে হবে।
০৮।	ট্রেনিং শেষে ডাটাবেজে এন্ট্রিকৃত নিজ জেলার ভবন সমূহের তথ্যাদি বিশেষ করে ভবনের ফাউন্ডেশন, ফ্লোরের সংখ্যা, নির্মাণ সন, স্থাপনার ছবি, সীমানা প্রাচীরের তথ্য, জমির ডকুমেন্ট (দলিল, পর্চা, নামজারী, ডিসিআর) পিডিএফ ফাইলে সফটওয়্যারে এন্ট্রি করা হয়েছে কি-না তা যাচাই করা।
০৯।	গণপূর্ত বিভাগ হতে প্রাপ্ত ডিজিটাল সার্ভে এর অটোক্যাড ফাইল এস্টেট শাখার <b>Building &amp; Land Management Software, Menu-4 ► Land Record ► Add Land Document ► Digital Survey Report (Auto CAD) Folder</b> এ, সার্ভে এর ইমেজ ফাইল <b>Digital Survey Report (JPG) Folder</b> এ, জমির চারপার্শ্ব হতে ছবি <b>Picture (Indicating Land &amp; Building) Folder</b> এ এবং ডিজিটাল সার্ভেতে মাষ্টার প্লানে স্থাপনা দেখিয়ে সার্ভে ফাইল- <b>Survey Auto CAD File of Infrastructure Shown in Master Plan Folder</b> এ সংশ্লিষ্ট জমির তথ্যের সাথে আপলোড করণ।